# ২০২৪

# বাংলা

## (প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-DSE-T-2

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘‘কিন্তু দক্ষিণারঞ্জন ধন্য’’— বক্তা কে? কেন এমন কথা বলেছেন?

খ) ‘ঠাকুরমার ঝুলি’ কোন্ শ্রেণীর গ্রন্থ? এই গ্রন্থের পাঠ্যবহির্ভূত দু’টি গল্পের নাম লেখো।

গ) ‘‘বড়রানীরা হিংসায় জ্বলিয়া মরিতে লাগিল।’’— বড়রানীদের হিংসার কারণ কী?

ঘ) ‘‘ইহার অনেক বৎসর পরে একবার রাজা খুব ধুমধামের সহিত অশ্বমেধ যজ্ঞের আয়োজন করিলেন।’’— অশ্বমেধ যজ্ঞ কী?

(পরের পাতায়)

ঙ) "ইহা খেয়াল রসের বই।"— কোন্ বইটির কথা বলা হয়েছে? খেয়াল রস বলতে কী বোঝো?

চ) "বক কহে কচ্ছপে—" বক কচ্ছপকে কী বলেছে?

ছ) "সামনে তাহার খাদ্য ঝোলে যার যেরকম রুচি—" পরের পঙ্‌ক্তিটি কী?

জ) "হাতুড়ির একঘায়ে একেবারে আটকা"— উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করো।

ঝ) "তাই ইন্দ্র রক্ষা পান, নচেৎ সে যাত্রা আর তাঁহার বিপদের সীমাই ছিল না।" — ইন্দ্র সে যাত্রায় কীভাবে রক্ষা পান?

ঞ) "যথাসময়ে মুঙ্গের স্টেশনে উতরিয়া দেখিলাম ডি.এস.পি সাহেব উপস্থিত আছেন।"— ডি.এস.পি সাহেবের পরিচয় দাও।

ট) "তার জন্য শত-শত লোক মারা গেছে, রক্তের সালওয়েন নদী বয়ে গেছে, পাপের উপর পাপ চেপে পর্বত তৈরি হয়েছে—" কীসের জন্য এতো কাণ্ড ঘটেছে?

ঠ) "পদিপিসির বর্মিবাক্স" গল্পের প্রধান চরিত্রগুলির নাম লেখো।

ড) "এই সময়টাতে বাঙালীর সন্তান অনেক ভাল স্বপ্ন দেখে, যদিও সে-স্বপ্ন ভাঙিতেও বেশি বিলম্ব হয় না।" —কোন্ সময়ের কথা বলা হয়েছে? "স্বপ্ন ভাঙিতেও বেশি বিলম্ব" না হওয়ার কারণ কী?

ঢ) "আমি আর নেপাল প্রায় একই সঙ্গে অপ্সরা থিয়েটারে জয়েন করি"— কথাটি কে বলেছে? নেপালবাবুর খুনের দিন তিনি কোথায় ছিলেন বলে জানিয়েছেন?

ণ) "এর নাম হলো এইট টু নাইন ওয়ান"— কার সম্পর্কে একথা বলা হয়েছে? তার সম্পর্কে কী জানা যায়?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "রাজার চোখ দিয়া ঝরঝর করিয়া জল গড়াইয়া গেল। বড়রানীরা ভয়ে কাঁপিতে লাগিল।"— রাজা এবং বড়রানীদের এইরকম আচরণের কারণ কী?

খ) "প্রভু যদি তুষ্ট হইয়া থাকেন, তবে দয়া করিয়া আমাকে গঙ্গা আনিবার উপায় করিয়া দিন।"— ভগীরথ একথা কাকে নিবেদন করেছেন? ভগীরথের গঙ্গা আনয়নের বৃত্তান্ত বর্ণনা করো।

গ) "একবারে দেখে যাও ডাক্তারির কেরামৎ" — 'হাতুড়ে' কবিতা অবলম্বনে ডাক্তারের কেরামতির পরিচয় দাও।

ঘ) চণ্ডীদাসের খুড়োর কলের বৈশিষ্ট্য আলোচনা করো।

ঙ) "বইটা ডক্টর ম্যাট্রিক্স সম্বন্ধে।"— উদ্ধৃতাংশটি কোন গল্প থেকে নেওয়া হয়েছে? ডক্টর ম্যাট্রিক্সের মত সম্পর্কে কী জানা যায় গল্প অবলম্বনে লেখো।

চ) "ওমা, এ যে আলাদিনের ভাঁড়ার ঘর"— উদ্ধৃতাংশটির উৎস নির্দেশ করো। কে কাকে একথা বলেছে? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'একুশে আইন' কবিতায় সমকাল কীভাবে প্রতিফলিত হয়েছে— আলোচনা করো।

খ) কল্পবিজ্ঞান বলতে কী বোঝো? 'প্রোফেসর শঙ্কু ও খোকা' গল্পটিকে কী কল্পবিজ্ঞানের গল্প বলা যায়? — যুক্তি দাও।

গ) 'রক্তমুখী নীলা' গল্পটিতে নীলাটি কীভাবে উদ্ধার হয়েছিল, নিজের ভাষায় লেখো।

ঘ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে হাস্যরস কতটা চমকপ্রদ— তা আলোচনা কর।

---